Times Today BD

সিনিয়র রিপোর্টার | আন্তর্জাতিক | 26 April, 2025

লন্ডনে পাকিস্তানের হাইকমিশনের সামনে ভারতীয়রা বিক্ষোভ করার সময় এক পুলিশ সদস্যকে বিদ্রূপ ভাষায় মন্তব্য করার দুই জনকে গ্রেপ্তার করা হয়েছে।খবর এক্সপ্রেস ট্রিবিউন

গত সপ্তাতে জম্মু ও কাশ্মীরে পর্যটকদের ওপর ভয়াবহ বন্দুক হামলার পর পাকিস্তানকে দায়ী করে ভারত কূটনৈতিক চাপ প্রয়োগ করে। এমন পরিস্থিতির মধ্যে লন্ডনে পাকিস্তানের হাইকমিশনের সামনে বিক্ষোভ করে ভারতীয়রা।

কূটনৈতিক মিশনের সামনে বিক্ষোভকারীরা শান্তিপূর্ণভাবে বিক্ষোভ করছিল। এছাড়া কোনো অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে সতর্ক অবস্থানে ছিল পুলিশ।

গত মঙ্গলবার পেহেলগামে বন্দুকধারীদের হামলায় ২৬ জন পর্যটক নিহত হয়। এ ঘটনায় পাকিস্তানকে দায়ী করে ইসলামাবাদের বিরুদ্ধে একাধিক পদক্ষেপ গ্রহণ করে নয়াদিল্লি।যদিও পাকিস্তান এ অভিযোগ অস্বীকার করেছে।

বুবধার ভারতের মন্ত্রীসভায় পাকিস্তানের সঙ্গে একমাত্র স্থল ট্রানজিট পয়েন্ট বন্ধসহ ভারতীয়দের দেশটিতে ভ্রমণে নিষেধাজ্ঞা এবং সিন্ধু নদীর পানি চুক্তি স্থগিত করা হয়।

ভারতের এমন পদক্ষেপের প্রতিবাদ জানিয়ে পাকিস্তানের জাতীয় নিরাপত্তা কমিটিতে নয়াদিল্লির বিরুদ্ধে একাধিক পাল্টা পদক্ষেপ গ্রহণ করে।

এছাড়া শুক্রবার দেশটির সিনেটে পেহেলগামে বন্দুক হামলায় পাকিস্তানকে দায়ী করার

বিষয়টি প্রত্যাখ্যান করে ভারতের বিরুদ্ধে একটি রেজুলেশন পাস করা হয়।

ভারত লন্ডন পুলিশ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:32

URL: https://www.timestodaybd.com/public/international/4572501482